আবেদন করেননি কারাবন্দি আ.লীগের নেতারা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর জেলায় পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের জন্য মোট ৬ হাজার ৬৬২ ভোটার নিবন্ধন করেছেন। এর মধ্যে সংসদীয় আসন ৭৩, মেহেরপুর-১ আসনের জন্য ৩ হাজার ৫২০ এবং সংসদীয় আসন ৭৪, মেহেরপুর-২ আসনের জন্য নিবন্ধন করেছেন ৩ হাজার ১৪২ ভোটার।

এদিকে কারাগার থেকে ভোটাধিকার প্রয়োগের সুযোগ চালু হওয়ায় মেহেরপুর জেলা কারাগার থেকে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার জন্য আবেদন করেছেন ২২ বন্দি ভোটার। তবে কারাগারে থাকা সাবেক ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের একাধিক প্রভাবশালী নেতা এ সুযোগের জন্য আবেদন করেননি।

জানা গেছে, সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন, ফরহাদের স্ত্রী মোনালিসা, ভাই সরফরাজ হোসেন মৃদুল, ভগ্নিপতি বাবলু বিশ্বাস, সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, সাবেক পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সাবেক সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আনারুল ইসলামসহ কারাগারে থাকা আওয়ামী লীগের জেলা ও উপজেলা পর্যায়ের আরও কয়েকজন নেতা পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের জন্য আবেদন করেননি।

মেহেরপুরের দুটি সংসদীয় আসনের প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে জেলা নির্বাচন অফিস থেকে সরবরাহ করা ভোটার তথ্যের সিডি বিশ্লেষণ করে এসব তথ্য পাওয়া গেছে।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসের প্রদত্ত তথ্যানুযায়ী, জেলার দুটি আসনে মোট ভোটারের সংখ্যা ৫ লাখ ৮৭ হাজার ৬৮০ জন। পুরুষ ভোটার ২ লাখ ৯২ হাজার ৯৭৭ জন, নারী ভোটার ২ লাখ ৯৪ হাজার ৬৯৭ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ৬ জন। এদের মধ্যে নতুন ভোটার ৩১ হাজার ৭১৪ এবং পোস্টাল ভোটারের সংখ্যা ৬ হাজার ৬৬২ জন।

উল্লেখ্য, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে প্রবাসে অবস্থানরত ভোটার, নির্বাচনী দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী এবং আইনানুগভাবে হেফাজতে থাকা ব্যক্তিদের ভোটাধিকার নিশ্চিত করতে আইটি-সাপোর্টেড পোস্টাল ব্যালট পদ্ধতি

চালু করেছে নির্বাচন কমিশন (ইসি)। ‘পোস্টাল ভোট বিডি’ মোবাইল অ্যাপের মাধ্যমে দেশের অভ্যন্তরে অবস্থানরত (আইসিপিভি) ভোটারদের মধ্যে ব্যালট পাঠানো হচ্ছে।

ইসি ও প্রবাসী ভোটার নিবন্ধন বিষয়ক ওসিভি-এসডিআই প্রকল্প সূত্রে জানা গেছে, শনিবার বেলা সাড়ে ১১টা পর্যন্ত দেশের অভ্যন্তরে অবস্থানরত ৫ লাখ ১৮ হাজার ৬০৩ জন ভোটারের কাছে ব্যালট পাঠানো হয়েছে। এর মধ্যে ৭ হাজার ৩৬৭ জন ব্যালট গ্রহণ করেছেন এবং ৪ হাজার ৯০২ জন ভোটদান সম্পন্ন করেছেন। পাশাপাশি ২ হাজার ৩৯৪ জন ভোটার পোস্ট অফিস বা ডাকবাক্সে ব্যালট জমা দিয়েছেন।

অন্যদিকে, পোস্টাল ভোট বিডি অ্যাপের মাধ্যমে নিবন্ধনকারী চার লাখ ৫৮ হাজার ৫৯ জন প্রবাসী ভোটার ইতোমধ্যে ভোটদান সম্পন্ন করেছেন বলে নির্বাচন কমিশন জানিয়েছে। ইসির তথ্য অনুযায়ী, শনিবার বেলা সাড়ে ১১টা পর্যন্ত সাত লাখ ৬৬ হাজার ৮৬২টি ব্যালট সংশ্লিষ্ট প্রবাসী ভোটারদের গন্তব্য দেশে পৌঁছেছে। এর মধ্যে পাঁচ লাখ ১৮ হাজার ৩৪৫ জন ব্যালট গ্রহণ করেছেন এবং এক লাখ ৪৪ হাজার ৮৬০টি ভোটের ব্যালট দেশে ফিরে এসেছে।

ঝিনাইদহ-১ আসনের পোস্টাল ব্যালটে ভুল

সংসদীয় এলাকা-৮১ ঝিনাইদহ -১ (শৈলকুপা) আসনে পোস্টাল ভুল প্রতিক ছাপার অভিযোগ পাওয়া গেছে। গত কয়েকদিন ধরে পোষ্ট অফিসের মাধ্যমে পাওয়া ব্যালট পেপারে বিপ্লবী কমিউনিস্ট লীগ (মার্কসবাদী) মনোনীত প্রার্থী মোঃ শহিদুল ইসলাম পল্লবের কাঁচি প্রতিকের স্থলে কাস্তে প্রতিক ছাপা হয়েছে ।

ব্যাপারে ভোট দাতারা কাঁচি প্রতিকের প্রার্থীর কাছে বিষয়টি অবহিত করার পর তিনি জেলা নির্বাচন অফিসারের কাছে বিষয়টি অবহিত করেন। এই আসনে পোষ্টাল ব্যালটে ভোট রয়েছে মোট ৪৪০০।

উল্লেখ, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রবাসী ভোটারদের নিকট ভোট দানের জন্য ব্যালট পেপার পাঠানো হয়েছে। ব্যালট পোপার হাতে পাওয়ার পর খুলে দেখা গেছে ঝিনাইদহ-১ আসনের ব্যালট পেপারে শহিদুল এনাম পল্লবের কাঁচি প্রতিকের স্থলে কাস্তে প্রতিক ছাপা হয়েছে। এই আসনে ৫জনের মধ্যে ধানের শীষ, দাড়িপাল্লা, লাঙ্গল, ঈগলপাখি এবং কাঁচি প্রতিকের প্রার্থী রয়েছে। কিন্তু কাস্তে প্রতিকের কোন প্রার্থী নেই। বিষয়টি নিয়ে মো. শহিদুল এনাম পল্লব বলেন, নির্বাচন কমিশনকে বিষয়টি অবহিত করেছি।

জেলা নির্বাচন অফিসার আবুল হোসেন বিষয়টি নির্বাচন কমিশন কে জানিয়ে সমাধান করবেন বলে জানিয়েছেন। বিষয়টি নিয়ে নেটিজেনদের মধ্যে ব্যাপক সমালোচনার ঝড় উঠেছে।

ঝিনাইদহ জেলা নির্বাচন অফিসার আবুল হোসেন বলেন, বিষয়টি আমি অবহিত হওয়ার পর পরই নির্বাচন কমিশনকে জানিয়েছি ভোটদান সিস্টেম বন্ধ করা হয়েছে। দুই একের মধ্যেই বিষয়টি সমাধান হবে বলে আশা করছি। নিববন্ধনধারীদের নিকট দ্রুততম সময়ের মধ্যে আবার নতুন ব্যালট পাঠানো হবে।